...সঙ্গে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতিও
জ্ঞতা প্রকাশ করেছেন সচেতন মহলসহ সর্বস্তরের মানুষ।
থ্য, 'বাঁকখালী উপজেলা' গঠনের দাবি নিয়ে গর্জনিয়া উচ্চ বিদ্যালয়
এবং কচ্ছপিয়া ইউনিয়নের গর্জনিয়া ফয়জুল উলুম ফাজিল ডিগ্রি
াসা মাঠে অনুষ্ঠিত নির্বাচনী জনসভায় লুৎফুর রহমান কাজল
াকাবাসীকে এ বিষয়ে আশ্বস্ত করেছিলেন। দাবিটি বাস্তবায়নের লক্ষ্যে
এলাকার সাংবাদিক, স্থানীয় জনগন সোচ্চার রয়েছেন।
মিলিয়ে দীর্ঘদিনের প্রত্যাশিত 'বাঁকখালী উপজেলা' গঠনের উদ্যোগে
ার আলো দেখছেন রামুর পূর্বাঞ্চলের মানুষ। এখন প্রয়োজনীয়
ই-বাছাই ও প্রশাসনিক প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে এ উদ্যোগকে চূড়ান্ত
বতায় রূপ দেওয়ার অপেক্ষায় রয়েছেন এই অঞ্চলের মানুষ।

## কলাতলীতে রিসোর্ট

॥ ১ম পৃষ্ঠার পর ॥

লের এই ঘটনা ঘটে বলে মামলায় উল্লেখ করা হয়েছে।
ঘটনায় নকশি রিসোর্ট মালিক ইসরাত জাহান বাদী হয়ে গ্রেফতার
া শাকিলসহ ৫ জনের নাম উল্লেখ করে ১০/১২ জনকে অজ্ঞাত
য়ে সদর মডেল থানায় মামলা দায়ের করেছে। মামলায় প্রধান
ামী করা হয় লাইট হাউজ এলাকার আল-আমিনকে।
তার মাহফুজ শাকিল ওই মামলার ২ নং আসামী। মামলার অন্য
সামীরা হলো, বদরুল হাসান মিস্ত্রী, আশিকুল ইসলাম ও আরিফ।
মলার এজাহারে উল্লেখ করা হয়, আসামীরা দাবীকৃত চাঁদা না পেয়ে
মে বাদীর মালিকানাধীন মিস্ত্রী রির্সোটের ৪ টি ফ্লাট ও নিচ তলার ৮০০
র ফিট একটি দোকান দখলে নেয়। পরে দিবাগত রাত ৩ টার দিকে
/১২ জন এসে বাদীর মালিকানাধীন লাইট হাউজ এলাকায় নকশি
র অপর একটি রির্সোটও দখলে করে ফেলে।"
সোমবার বিকেলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে
মাহফুজ শাকিলকে গ্রেফতার করে। সে উখিয়া উপজেলার রত্নাপালং
কার শামশুদ্দিনের ছেলে বলে জানা গেছে।
মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহাম্মদ আলী জানিয়েছেন,
ী রিসোর্ট দখলের ঘটনায় ৫ জনকে এজাহার নামীয় আসামী করে
া দায়ের হয়েছে। এ মামলার এক আসামীকে গ্রেফতার করা
ছে। শহরের কোথাও দখলের ঘটনা ঘটলে তার বিরুদ্ধে যথাযথ
নগত পদক্ষেপ নেয়া হবে বলেও জানান তিনি।
কে মামলার ১নং আসামী আল আমিন সংবাদ সম্মেলন করে এ
য় তার কোন সম্পৃক্ততা নেই বলে দাবী করেছেন। তিনি মামলাটিকে
, হয়রানিমূলক ও পূর্বশত্রুতার জের হিসেবে দাবি করে প্রতিবাদ
য়েছেন।

মেশিন দিয়ে কাটার চেষ্টা করে...
ইউএনও পান্না আক্তার বলেন, "কে বা কারা ডিভাইডারটি কেটে ফেলার চেষ্টা করছে, তা তদন্ত করা হচ্ছে। জড়িতদের তালিকা করে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।" স্থানীয়দের অভিযোগ, রাতের আধারে ২দিন ধরেই ডিভাইডারটি ভাঙা বা কাটার চেষ্টা চলছে। তবে জনস্বার্থে নির্মিত গুরুত্বপূর্ণ এই অবকাঠামো কেন, কারা এবং কী উদ্দেশ্যে কাটার চেষ্টা করেছে-তা নিয়ে তৈরি হয়েছে নানা প্রশ্ন।

স্থানীয় বাসিন্দারা বলছেন, কোটবাজারে যানজটের অন্যতম কারণ হচ্ছে সড়কের শৃঙ্খলাহীন ব্যবহার ও যত্রতত্র যানবাহন চলাচল। যানজট নিয়ন্ত্রণ এবং সড়কে চলাচল স্বাভাবিক রাখতে ডিভাইডার স্থাপন করা হয়েছে। অথচ সেটিই যদি কেউ ইচ্ছেমতো কেটে ফেলার চেষ্টা করে, তাহলে পুরো সড়ক ব্যবস্থাপনা আবারও বিশৃঙ্খলার মুখে পড়তে পারে। তাদের ভাষ্য, কোনো স্থাপনা নিয়ে আপত্তি থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানোই নিয়ম। কিন্তু অনুমতি ছাড়া সরকারি বা জনস্বার্থসংশ্লিষ্ট অবকাঠামো কাটার চেষ্টা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এ ঘটনার পেছনে কারা রয়েছে, তাদের উদ্দেশ্য কী এবং কোনো ব্যক্তি বা গোষ্ঠীর স্বার্থ এতে জড়িত কি না-তা দ্রুত তদন্ত করে আইনি ব্যবস্থা নেয়ার দাবী জানিয়েছেন তারা।

উখিয়া সদর স্টেশন, কোটবাজার, মরিচ্যা বাজার ও কুতুপালং স্টেশনে প্রতিনিয়ত যানজটে চরম ভোগান্তি পোহাতে হয় সাধারণ মানুষকে। গুরুত্বপূর্ণ এসব বাজার ও স্টেশন এলাকায় যানজটের কারণে সময় নষ্টের পাশাপাশি পথচারী, শিক্ষার্থী, রোগী ও দূরপাল্লার যাত্রীদের দুর্ভোগও বাড়ছে। এ অবস্থায় যানজট নিরসনে নেওয়া পদক্ষেপ ও সড়ক ব্যবস্থাপনার অবকাঠামো রক্ষায় প্রশাসনের কঠোর নজরদারি জরুরি বলে মনে করছেন স্থানীয়রা।

## রামু রাজারকুলে

॥ শেষ পৃষ্ঠার পর ॥

তিনি অসহায় হয়ে পড়েছেন। স্থানিয়রা জানান, তাদের থাকার একমাত্র স্বম্বল ছিল বাড়িটি। বাড়িটি ক্ষতিগ্রস্ত হওয়ায় পরিবার নিয়ে বেকায়দায় পড়েছেন এ দিনমজুর। অসহায় জাকের হোসেনের পরিবার প্রশাসনের নিকট তাদের পূর্ণবাসনের দাবী জানিয়েছেন।

## টেকনাফে ৭০ হাজার

॥ শেষ পৃষ্ঠার পর ॥

আরো ৫০ হাজার ইয়াবা উদ্ধার করা হয়।
পুলিশ জানায়, আটককৃতরা প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানায়, দীর্ঘদিন ধরে পরস্পর যোগসাজশে টেকনাফ সীমান্তবর্তী এলাকা হতে ইয়াবা সংগ্রহ করে কক্সবাজার জেলাসহ দেশের বিভিন্ন স্থানে বিক্রয় করে আসার তথ্য প্রদান করে। তাদের বিরুদ্ধে আইনগত কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

(iii) হালনাগাদ ট্রেড লাইসেন্স;
(iv) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা/ভাড়ার চুক্তিনামার কপি;
(v) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
(vi) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা এবং
(vii) হালনাগাদ আয়কর রির্টান দাখিলের সনদ।

৩. ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায় পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে।

৪. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০/- (দুই হাজার) টাকার পোষ্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে।

৫. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেষ্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেষ্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০(দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেষ্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান :**

১. **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ :৩১ আগস্ট, ২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ;**
২. আবেদনপত্র দাখিলের স্থান: উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর; খামারবাড়ি, কক্সবাজার।

কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৮/৮/২০২৬

**মোঃ আঃ মান্নান**
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ও
জেলা প্রশাসক, কক্সবাজার।

CamScanner